

ঢাবিতে ছাত্রলীগের হামলায় দুই ছাত্রদল কর্মী আহত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ কর্মীরা ছাত্রদলের দুই নেতাকর্মীকে পিটিয়ে গুরুতর আহত করেছে। এ হামলায় গুরুতর আহত হয়েছে সূর্যসেন হান শাখা ছাত্রদলের যুগ্ম সম্পাদক নজরুল ইসলাম পিটু ও বঙ্গবন্ধু হলের ছাত্রদল কর্মী ইমরান। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ছাত্রদল কর্মী ইমরান হোসেনকে গতকাল দুপুর ১টায় কলাভবন ক্যাম্পাসে দেখা মাত্রই বঙ্গবন্ধু হলের ছাত্রলীগ বাবু গ্রুপের কর্মী সার্কেট কামালের নেতৃত্বে কার্য়স (রাষ্ট্রবিজ্ঞান, দ্বিতীয় বর্ষ), ফয়সালসহ (দর্শন, দ্বিতীয় বর্ষ) বেশ কয়েক কর্মী রড, পাইপ ও লাঠি দিয়ে বেধড়ক মারধর করে। এতে সে জ্ঞান হারিয়ে মাটিতে লুটিয়ে পড়ে। ছাত্রদলের নেতাকর্মীরা পরে তাকে ঢাকা মেডিক্যাল নিয়ে আসে। কর্তব্যরত ডাক্তাররা জানিয়েছেন, ইমরানের অঙ্গ আশঙ্কাজনক।

এদিকে বিকাল আড়াইটায় সূর্যসেন হান শাখা ছাত্রদলের যুগ্ম সম্পাদক নজরুল ইসলাম পিটুকে পিটিয়ে গুরুতর আহত করেছে একই হলের রাজীব ও অরিফের নেতৃত্বে ১০/১২ ছাত্রলীগ কর্মী। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় এজ্ঞাগারের সামনে এ হামলার ঘটনা ঘটে। এ সময় হাকিম চত্বরে অবস্থানরত ছাত্রদলের নেতাকর্মীরা তাকে উদ্ধারের চেষ্টা চালালে উভয় গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এক পর্যায়ে ছাত্রলীগের কর্মীরা একত্র হয়ে ছাত্রদলের কর্মীদের ধাওয়া নিয়ে ক্যাম্পাস থেকে বের করে দেয়। গুরুতর আহত পিটুকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি

করা হয়েছে।

হামলার ঘটনায় ঢাবি ক্যাম্পাসে ধর্মতন্ত্রে অবস্থা বিরাজ করছে। যে কোনো মুহুর্তে বড় ধরনের সহিংস ঘটনা ঘটে পাবে বলে সংশ্লিষ্টরা আশঙ্কা করছেন। এ বিষয়ে ঢাবি শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ বলেন, নির্বাচনের পর থেকেই ছাত্রলীগ কর্মীরা ছাত্রদলের নেতাকর্মীদের ওপর অত্যাচারের শিঁমি বোলার চালিয়ে যাচ্ছে, তারপরও কর্তৃপক্ষ নীরব। যদি ছাত্রলীগ এ রকম হামলা চালাতেই থাকে তাহলে ছাত্রদলও তাদের কর্মতা অনুযায়ী তার প্রতিরোধ গড়ে তুলবে। অন্যতে যদি কোনো বড় ধরনের ঘটনা ঘটে তার দায়ভার নিতে হবে আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনাকেই।